



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

বিজ্ঞপ্তি নং-৭১/২০১৭

তারিখ : ৩১/০২/১৪২৪ বঙ্গাব্দ  
১৪/০৬/২০১৭ খ্রিস্টাব্দ

সোনালী ব্যাংক লিমিটেড-এ “অফিসার” পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের  
**MCQ Test** এবং লিখিত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে ই-টেন্ডার বিজ্ঞপ্তি।

সোনালী ব্যাংক লিমিটেড-এ “অফিসার” পদে নিয়োগের উদ্দেশ্যে কম/বেশি ২৭৪০০০ জন প্রার্থীর ০১ (এক) ঘণ্টাব্যাপী ১০০ নম্বরের MCQ Test একই দিনে ১ (এক) সেশনে একই প্রশ্ন সম্বলিত একাধিক সেটে এবং কম/বেশি ১৬০০০ জন প্রার্থীর ০২ (দুই) ঘণ্টাব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা ভিন্ন তারিখে ১ (এক) সেশনে গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও প্রদানের জন্য বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যাদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় অথবা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ৫০০০০ (পঞ্চাশ হাজার) জন প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা রয়েছে; সরকার কর্তৃক অনুমোদিত এরূপ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট এর নিকট হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র দলিল বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট [www.bb.org.bd](http://www.bb.org.bd) এর e-Tender এ পাওয়া যাবে। উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং এ অংশগ্রহণের জন্য আর্থী উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানগুলোকে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে ([www.bb.org.bd](http://www.bb.org.bd)) রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নিজ নিজ ক্ষেত্রে প্রবেশ করে আর্থিক প্রস্তাবের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা, অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করে আগামী ০৯/০৭/২০১৭ তারিখ দুপুর ১২ঃ০০ টার মধ্যে অনলাইনে দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে দরপত্র সংশ্লিষ্ট প্রামাণ্য কাগজপত্রাদি ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। একই দিন ১২ঃ১৫ মিনিটে দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রস্তাবসমূহ অনলাইনে খোলা হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না।

বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/=

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক (বিএসসিএস)

ও

সদস্য-সচিব (বিএসসি)